

প্রজ্ঞাপন

তারিখ, ৩১ মে, ২০১০

নং এসইসিসিএমআরআরসিডি/২০০৬-১৫৭/৩৮/প্রশাসন/----- সিকিউরিটিজ ও এক্সচেঞ্জ কমিশন, সিকিউরিটিজ ও এক্সচেঞ্জ কমিশন আইন, ১৯৯৩ (১৯৯৩ সনের ১৫নং আইন) এর ধারা ২৪এর উপ-ধারা (১) এ প্রদত্ত ক্ষমতাবলে সিকিউরিটিজ ও এক্সচেঞ্জ কমিশন, পূর্ব প্রকাশের পর, সিকিউরিটিজ ও এক্সচেঞ্জ কমিশন (মিউচ্যুয়াল ফান্ড) বিধিমালা, ২০০১ এ নিম্নোক্ত সংশোধন করিল, যথাঃ-

উপরিউক্ত বিধিমালায়,-

১। বিধি ২, উপ-বিধি (১) এর দফা (চ) নিম্নোক্তভাবে প্রতিস্থাপিত হইবে, যথাঃ-

“(চ) “উদ্যোক্তা” অর্থ কোন ব্যাংক, আর্থিক প্রতিষ্ঠান, ইন্সুরেন্স কোম্পানি বা সংবিধিবদ্ধ সংস্থা, যে এককভাবে বা অন্য কোন ব্যাংক, আর্থিক প্রতিষ্ঠান, ইন্সুরেন্স কোম্পানী, সংবিধিবদ্ধ সংস্থা, স্বীকৃত তথা রেজিস্টার্ড ট্রাস্ট ফান্ড, পেনশন ফান্ড, প্রভিডেন্ট ফান্ড বা সুপার এনুয়েশন ফান্ড (Super Annuation Fund) এর সহিত মিলিতভাবে কোন মিউচ্যুয়াল ফান্ড গঠন করে;”।

২। বিধি ২৮ এর, উপ-বিধি (২) এর পর নতুন উপ-বিধি (৩) সংযোজিত হইবে, যথাঃ-

“(৩) লক-ইন (Lock- in)।- সম্পদ ব্যবস্থাপকের উদ্যোক্তাদের শেয়ার এর উপর নিবন্ধন সনদ প্রাপ্তির তারিখ হইতে ২ (দুই) বছর পর্যন্ত লক-ইন (Lock- in) বলবৎ থাকিবে।”।

৩। বিধি ৫০ক নিম্নোক্তভাবে সংশোধিত হইবে, যথাঃ-

“৫০ক এর অধীন বিদ্যমান বিধিটি উপ-বিধি (১) হিসাবে গণ্য হইবে এবং অতঃপর নিম্নোক্ত নতুন উপ-বিধি (২) সংযুক্ত হইবেঃ

(২) মিউচ্যুয়াল ফান্ডের প্রাইভেট প্লেসমেন্টের ক্ষেত্রে, সংশোধিত ফান্ডের উদ্যোক্তা নহে এমন, -

- (অ) একক ব্যক্তির অনুকূলে সর্বোচ্চ ১০ (দশ) লক্ষ টাকা;
- (আ) অতালিকাভুক্ত কোম্পানি বা সংবিধিবদ্ধ সংস্থার অনুকূলে (শুধুমাত্র নিজস্ব পোর্টফোলিওর ক্ষেত্রে) সর্বোচ্চ ১ (এক) কোটি টাকা;
- (ই) তালিকাভুক্ত কোম্পানি ও মিউচ্যুয়াল ফান্ডের অনুকূলে (শুধুমাত্র নিজস্ব পোর্টফোলিওর জন্য, তবে মিউচ্যুয়াল ফান্ডের ক্ষেত্রে সংরক্ষিত কোটা প্রযোজ্য হবে না) সর্বোচ্চ ৫ (পাঁচ) কোটি টাকা; এবং
- (অ) স্বীকৃত তথা রেজিস্টার্ড ট্রাস্ট ফান্ড, পেনশন ফান্ড, প্রভিডেন্ট ফান্ড ও সুপার এনুয়েশন ফান্ড (Super Annuation Fund) এর অনুকূলে (শুধুমাত্র নিজস্ব পোর্টফোলিওর জন্য) সর্বোচ্চ ৫(পাঁচ) কোটি টাকার বেশী বরাদ্দ দেওয়া যাইবে না।

এই সংক্রান্ত চূড়ান্ত তালিকা প্রস্তোষাসে অন্তর্ভুক্ত করিতে হইবে।”।

সিকিউরিটিজ ও এক্সচেঞ্জ কমিশন এর আদেশক্রমে

মোঃ জিয়াউল হক খন্দকার
চেয়ারম্যান।

